# ঘোড়াশাল পৌরসভা কার্যালয়

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ জুলাই/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

**সভা নং ঃ ২১**

**সভাপতি ঃ (মোঃ আল মুজাহিদ হোসেন)**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

তারিখ ঃ ৩১/০৭/২০২৩খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা ।
সভার স্থান ঃ ঘোড়াশাল পৌরসভার সভা কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত আছে।**

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলোয়াত করেন মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা ঘোড়াশাল পৌরসভা। এরপর সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | **পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করিয়া শুনান। উহার উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আর কোন সংশোধনী না থাকায় উহা অনুমোদনের প্রস্তাব করেন। | ১।কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদন করা হয়। | মেয়র |
| ২ | রাজস্ব আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের নির্দেশ ক্রমে কর আদায়কারীর কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, **জুলাই/২০২৩** মাসে পৌর করের দাবি ছিল= ৪৪,০০,১২৭/= টাকা। আদায় হয়েছে= ২৯,৭১,৭৪২/= টাকা। আদায়ের হার ৬৭.৫৩%। ট্রেডলাইসেন্স বাবদ **জুলাই/২০২৩** মাসে আদায় হয়েছে ১৭,৫৬,০৪৫/= টাকা। নতুন লাইসেন্স করা হয়েছে ২৯৭টি এবং নবায়ন করা হয়েছে ৪২ টি। তিনি আরও জানান যে, লাইসেন্স ফি আদায়ের হার গত বছরের এই সময়ের তুলনায় অনেক ভাল। তবে রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স কার্যক্রম ২ বছর ধরে বন্ধ।<br>ননট্যাক্স বাবদ **জুন/২০২৩** মাসে আদায় হয়েছে ৪৫,৩৬,০৫৪.৬০ টাকা। উহার মধ্যে সাবরেজিষ্টার অফিস হতে ১৬,৬০,০৩১.৬০/= টাকা।<br>এসমস্ত বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, পৌর কর আদায়ের হার বৃদ্ধি করা খুবই দরকার। এজন্য জনগনকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত। | ১। মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৯০% হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।সকল শ্রেনীর ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় আনার সিদ্ধান্ত হয়।<br>৩। মাঠ পর্যায়ে গিয়ে কার্যক্রম অব্যাহত রাখা সিদ্ধান্ত হয়।। | কর আদায় ও লাইসেন্স শাখা |
| ৩ | **জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ** | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, গত জুলাই/২৩ মাসে ০-৪৫ দিনের মধ্যে জন্ম গ্রহণকৃত মোট ৭৫ টি শিশুর জন্ম নিবন্ধন হয় এবং মৃত্যু সংখ্যা ১৪টি নিবন্ধন করা হয়। নতুন জন্ম নিবন্ধন করা হয় ২৭৪ জন এবং মৃত্যু নিবন্ধন করা হয় ৪২ জন। জন্ম নিবন্ধন আবেদন জমা হয় ১৮০টি। এ ব্যাপারে আলোচনান্তে টার্গেট পুরন করার জন্য সকলকেই আরো আন্তরিকতার সহিত কাজ করার জন্য | ১। টার্গেট পুরন করার জন্য সকলকেই আরো আন্তরিকতার সহিত কাজ করার জন্য সিদ্ধান্ত হয়। | **পৌনিক** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলেন। | | |

| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | **১৫ই আগষ্ট সম্পর্কে আলোচনা ঃ** | এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। সকলেই সরকারী কর্মসূচীর সাথে মিল রেখে কর্মসূচী প্রনয়নের উপর জোর দেন। কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, সূর্যোদয়ের সাথে সাথে পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর বেদীতে পুস্কস্তবক অর্পণ, দোয়া অনুষ্ঠান, মসজিদ/ মন্দিরে/ গির্জা/ প্যাগেডাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে দোয়া অনুষ্ঠান ইত্যাদি কর্মসূচী পালন করা যেতে পারে। কাউন্সিলর ইমরান হোসেন বলেন যে, গত বৎসরের ন্যায় এ বৎসরও মাদ্রাসার ২০০ এতিম ছাত্রদের মধ্যে খাদ্য বিতরন ও তাদের মাধ্যমে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে। তিনি নিম্নবর্নিত মাদ্রাসার এতিম ছাত্রদের মধ্যে খাদ্য বিতরনের প্রস্তাব করেন। ক) ০৬ নং ওয়ার্ডের চামড়াবো মাদ্রাসা খ) ০৬ নং ওয়ার্ডের ঘোড়াশাল উত্তর চরপাড়া মাদ্রাসা। গ) ৭নং ওয়ার্ডের ফুলদিরটেক মাদ্রাসা। ঘ) ০৪ নং ওয়ার্ডের বাগপাড়া লিল্ল্যাহ বোর্ডিং এর ছাত্র।<br>কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন উক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১। মো কবির হোসেন প্যানেল মেয়র-০১, আহবায়ক।<br>২। মোঃ ফরহাদ হোসেন, প্যানেল মেয়র-০২, সদস্য।<br>৩। জাকিয়া সুলতানা, প্যানেল মেয়র -০৩, সদস্য।<br>৪। মোঃ শহিদুল ইসলাম , কাউন্সিলর ০৪নং ওয়ার্ড সদস্য।<br>৫। মোঃ মাহবুব কবির, সমাজ উন্নয়ন কর্মকর্তা, সদস্য-সচিব। | ১। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনির্মিত করে উত্তোলন করা।<br>২। সকাল ৯.০০ ঘটিকায় বঙ্গবন্ধুর বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা।<br>৩। ফুল দেয়ার পর দোয়া অনুষ্ঠান করা ।<br>৪। সকাল ১০.০০ ঘটিকায় এতিম ছাত্রদের মধ্যে খাদ্য বিতরন করা।<br>৫। নিম্নবর্ণিত মাদ্রাসার এতিমদের মধ্যে দাওয়াত দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) ০৬ নং ওয়ার্ডের চামড়াবো মাদ্রাসা খ) ০৬ নং ওয়ার্ডের ঘোড়াশাল উত্তর চরপাড়া মাদ্রাসা। গ) ৭নং ওয়ার্ডের ফুলদিরটেক মাদ্রাসা। ঘ) ০৪ নং ওয়ার্ডের বাগপাড়া লিল্ল্যাহ বোর্ডিং এর ছাত্র।<br>৬। কর্মসূচী বাস্তবায়ণ সংক্রান্ত কমিটি নিম্নরুপঃ<br>১। মো কবির হোসেন প্যানেল মেয়র-০১, আহবায়ক।<br>২। মোঃ ফরহাদ হোসেন, প্যানেল মেয়র-০২, সদস্য।<br>৩। জাকিয়া সুলতানা, প্যানেল মেয়র-০৩, সদস্য।<br>৪। মোঃ শহিদুল ইসলাম, কাউন্সিলর ০৪নং ওয়ার্ড, সদস্য।<br>৫। মোঃ মাহবুব কবির, সমাজ উন্নয়ন কর্মকর্তা, সদস্য-সচিব। | সংশ্লিষ্ট কমিটি। |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

স্মারক নংঃ ঘোপৌস/০১/সাধা-১/২০২৩-২০২৪/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক,আরবান ম্যনেজম্যান্ট সাপোর্ট ইউনিট,এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন,আগারগাঁও ঢাকা-১২০৭।

৩। জেলা প্রশাসক, নরসিংদী।

৪। প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২,আরডিইসি ভবন,এলজিইডি সদর দপ্তর,আগারগাঁও ঢাকা-১২০৭

৫-১৬। কাউন্সিলর,(সকল), ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

১৭। বিভাগীয় প্রধান (সকল), ঘোড়াশাল পৌরসভা ,পলাশ, নরসিংদী।

১৮। অফিস কপি।

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা

পলাশ, নরসিংদী।